# ঈশ্বর মন্দ থেকে উত্তম দ্রব্য আনেন

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, যারা বিশ্বাস করে তাদের মঙ্গলের জন্য তুমি কিরূপে সমস্ত কিছুকে একত্রে কার্য করাও তা ছোটদেরকে দেখাতে সাহায্য করতে এই পাঠটি ব্যবহার কর।''

যে কোনও অথবা সবগুলি ছোটদের শেখার কার্যকলাপকে বেছে নিতে পারেন।



যদি সুবিধা হয় তবে ছোটদের ছবিটি রঙ করতে দিন।

**প্রেরিত ২৭ঃ১৩ - ২৮ঃ১০** এই অংশটি একজন বড় ছেলে-মেয়ে অথবা প্রাপ্তবয়স্ক বলবে অথবা পাঠ করবে। এই ছবিটি দেখায় যে এমন কি যখন মন্দ বিষয় ঘটে তখনও ঈশ্বর কিভাবে জগতে আশীর্বাদ ও সুসমাচারকে তাঁর লোকদের দ্বারা আনয়ন করেন তাকে।

ছোটদের এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন ঃ

- পৌল কিরূপে জেনেছিলেন যে ঝড়ের মধ্যেও জাহাজেস্থিত লোকজন মরবেনা? (উত্তর এর জন্য প্রেরীত ২৭ঃ২৩-২৫ দেখ)
- পৌলের জন্য ঈশ্বরের কি পরিকল্পনা ছিল? (২৭ঃ২৪)
- মিলিতা দ্বীপের লোকরা পৌলকে একজন দেবতা ভেবেছিল? (২৮ঃ৫-৬)
- তাদের দ্বীপে সুস্থতা আনয়নের জন্য মিলিতার লোকেরা কিভাবে পৌলকে ধন্যবাদ জানিয়ে ছিল? (২৮ঃ১০)
- কিভাবে ঈশ্বর কোনও মন্দ বিষয়ের যা পৌলের ক্ষেত্রে ঘটেছিল তা অন্যের মঙ্গলের জন্য ব্যবহার করেছিলেন?

**পৌলের জাহাজ ভেঙ্গে যাবার ঘটনাটির কিছু অংশ নাটক আকারে প্রস্তুত কর।**

শিশুরা যাতে কিছু প্রাপ্তবয়স্কদের সাহায্য নিয়ে এই সংক্ষিপ্ত নাটকটি প্রস্তুত করতে পারে তার জন্য প্রধান আরাধনাকারী দলের নেতাদের নিয়ে ব্যবস্থা করুন। যদি সব চরিত্রে অভিনয় করার জন্য পর্যাপ্ত ছেলেমেয়ে না থাকে তবে আশপাশের ছেলেমেয়েদের সাহায্য নিতে পারেন। তাদের কাছে খ্রীষ্টকে আবিষ্কার করার এটি একটি উত্তম উপায়। ছেলেমেয়েদেরকে তাদের বক্তব্যের সমস্তা কথা মুখস্থ করার প্রয়োজন নেই; কিন্তু খেয়াল রাখুন যে, তাদের কি বলতে হবে, যে সম্পর্কে তাদের ধারণা যেন সঠিক থাকে।

বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্ত বয়স্করা এই চরিত্রগুলিতে পাঠ করবে ঃ

- **বিবৃতিকার।** নাটকটি সংক্ষিপ্ত করবে এবং ছোটদের কি বলতে হবে তা স্মরণ করতে সাহায্য করবে।
- **পৌল।**
- **প্লুবিয়,** যিনি পৌলকে আমন্ত্রণ করেছিলেন।

ছোটদের এই চরিত্রগুলিতে পাঠ করতে দিন।

- **জাহাজের ক্যাপ্টেন।**

- জাহাজের নাবিক।
- মিলিতা দ্বীপে আগুনের চারপাশের লোকজন।

**নাটক, প্রথম ভাগ ঃ ঝড় (প্রেরিত ২৭ঃ১৩-৩০)**

**বিবৃতিকার ঃ** প্রেরিত ২৭ঃ১৩-৩০ থেকে প্রথম অংশটি পড়বে অথবা পাঠ করবে। এরপর বলবে,নাবিকরা চীৎকার করে কি বলছে তা শুনুন।''

**নাবিকরা ঃ** চেঁচিয়ে বলবে, ''ঝড় দেখে আমার ভয় করছে!'' ''মনে হচ্ছে আমরা সবাই মারা পড়ব।''

**বিবৃতিকার ঃ** ''পৌল চীৎকার করে কি বলছে তা শুনুন।''

**পৌল ঃ** চেঁচিয়ে বলবে, ''ওহে নাবিকেরা, তোমারা জাহাজ পরিত্যাগ করো না, আমরা কেউই মরব না, কারণ আমার ঈশ্বর কার্য করবেন।''

**নাটক, দ্বিতীয় ভাগ ঃ জাহাজ ভেঙ্গে যাচ্ছে (প্রেরিত ২৭ঃ৩১-৪৪)**

**বিবৃতিকার ঃ** প্রেরিত২৭ঃ৩১-৪৪ অংশ থেকে নাটকের দ্বিতীয় ভাগ বলবে।

বলবে, ''শুনুন ক্যাপটেন কি চীৎকার করে কি বলছেন।''

**ক্যাপটেন ঃ** চীৎকার করে, '' আমরা ডুবে যাচ্ছি! কাঠের তক্তা চেপে ধরো! সাঁতার কেটে তীরের দিকে এগিয়ে যাও।''

**নাটক, তৃতীয় ভাগ ঃ সর্প এবং আগুন (প্রেরিত ২৮ঃ১-৬)**

**বিবৃতিকার ঃ** গল্পটির তৃতীয় অংশটি বলুন, প্রেরিত ২৮ঃ১-৬ পদ।

তারপর বলবেন,''শুনুন, লোকেরা কি চীৎকার করছে।''

**আগুনের চারপাশের লোকেরা ঃ** চেঁচিয়ে বলবে, ''দেখ, ওকে বিষাক্ত সাপ দংশন করেছে! ও ওটাকে অগুনের মধ্যে ঝেড়ে ফেলে দিল!'' ''ওর হাতটাও তো আদপে ফুলে উঠছে না!''

**প্লুবিয় ঃ** ''আমি এজন্য আশ্চর্য হয়ে গেছি যে সাপটা তোমার কোনও ক্ষতি করল না সত্যিই তোমার ঈশ্বর পরাক্রমশালী। দয়া করে আমার গৃহে আসুন।''

**নাটক, চতুর্থ ভাগ ঃ প্লুবিয়ের পিতার সুস্থতা (প্রেরিত ২৮ঃ৭-১০)**

**বিবৃতিকার ঃ** প্রেরিত ২৮ঃ৭-১০ অংশ থেকে ঘটনাটির চতুর্থ অংশটি বলবে। এরপর বলবে, ''মিলিতা দ্বীপের লোকেরা কি বলেছে তা শুনুন।''

**লোকজন ঃ** চেঁচিয়ে বলবে ''ওনার ঈশ্বর আমাদের নেতার বার্তাকে সুস্থ করেছেন!'' ''দয়া করে আসুন ও আমার অসুস্থ মায়ের জন্যও প্রার্থনা করুন।'' ''আমার ভাইয়ের জন্য প্রার্থনা করতে আসুন।''

**বিবৃতিকার ঃ** বলুন যে নাটকটি সমাপ্ত হয়েছে। ছোটদের ও প্রাপ্তবয়স্কদের শোনার জন্যে ধন্যবাদ দিন।

**জিজ্ঞাসা করুন ঃ** কিভাবে ঈশ্বর উত্তমকে আনয়ন করার জন্যে ব্যথা জনক বিষয়গুলিকে যে গুলি আমাদের জীবনে ঘটে থাকে তা ব্যবহার করেন। (ছোটরা অথবা প্রাপ্তবয়স্কদের উদাহরণ দিতে বলুন।)

মণ্ডলীর নেতাদের নিয়ে ছোটদের জন্য ব্যবস্থা করুন

- আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করতে।
- এই ঘটনাটির পূর্বে দেওয়া প্রশ্নগুলি প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করুন।
- কবিতা এবং অন্য যা কিছু তারা তৈরী করেছে তা উপস্থাপন করতে দিন।



**মুখস্থ পদ ঃ** রোমীয় ৮ঃ২৮ পদ।

আগুনের মধ্যে সর্প পতিত হচ্ছে এরকম একটি ছবি আঁকুন। বড় ছেলেমেয়েরা ছোটদের সাহায্য করবে। পররর্তী আরাধনার সময় ছেলেমেয়েদের ছবিটি প্রাপ্তবয়স্কদের দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে ছবিটি ঈশ্বর শয়তানকে পরাস্ত করছে তা প্রকাশ করে।

**কবিতা ঃ** গীত ৬৯ঃ১-৩, ৯, ২১, ১৭, ২৯ থেকে তিনজন ছেলেমেয়েকে আবৃত্তি করতে দিন

**''হে ঈশ্বর আমাকে পরিত্রাণ কর, কেননা আমার প্রাণ পর্যন্ত জল উঠিয়াছে। আমি অগাধ পঙ্কে ডুবিয়াছি, দাঁড়াইবার স্থান নাই, গভীর জলে আসিয়াছি, বন্যা আমার উপর দিয়া যাইতেছে। আমি ডাকিতে ডাকিতে ক্লান্ত হইয়াছি, আমার কণ্ঠ শুষ্ক হইয়াছে।**

**কারণ তোমার গৃহ নিমিত্তক উদ্যোগ আমাকে গ্রাস করিয়াছে। যাহারা তোমাকে তিরস্কার করে, তাহাদের তিরস্কার আমার উপর পড়িয়াছে। আবার লোকে আমার খাদ্যের জন্যে বিষ দিল, আমার পিপাসা কালে অম্লরস পান করাইল।**

**তোমার এই দাস হতে মুখ আচ্ছাদন করিও না, কারণ আমি সংকটাপন্ন, ত্বরায় আমার আমাকে উত্তর দেও। কিন্তু আমি দুঃখী ও ব্যাথিত, তোমার পরিত্রাণ আমাকেউন্নত করুক, হে ঈশ্বর।''**

বড় শিশুদের একটি কবিতা গান অথবা ছোট গল্প লিখতে বলুন অথবা শিশুরা এমন কোন ঘটনা দেখেছে, যেখানে ঈশ্বর মন্দ পরিস্থিতিকে মঙ্গলে পরিবর্তন করেছেন, এমন একটি উদাহরণের বিষয় তাদের সাক্ষ্য দিতে বলুন।

**প্রার্থনা ঃ** ''প্রিয় ঈশ্বর, আমাদের এবং অপরদের জীবনে যা মন্দ ঘটে তা থেকে উত্তম বিষয়কে আনয়ণ করার ব্যাপারে আমরা তোমার উপর বিশ্বাস রাখি। এমন কি মন্দ সময়েও আনন্দ সহকারে তোমার পরিচর্য্যা করতে আমাদের সাহায্য কর। যীশুর নামে, আমেন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net